

June : 2026

BENGALI

Paper: BEN-C-201

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক)

Time: 2½ Hours

Total Mark: 60

(The figures in the right margin indicate full marks of the questions)

১ম একক

- ১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুইটি) : ১×২=২
ক) ফোর্ট উইলিয়াম কলেজ কত সালে প্রতিষ্ঠিত হয়?
খ) ‘হুতোম প্যাঁচার নক্শা’ কার রচনা?
গ) রাজা রামমোহন রায়ের রচিত একটি গ্রন্থের নাম লেখো।
- ২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ৪
ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সংক্ষেপে লেখো।
খ) টীকা লেখো : ‘সংবাদ প্রভাকর’ অথবা ‘প্যারীচাঁদ মিত্র’।
গ) কালীপ্রসন্ন সিংহের সাহিত্য প্রতিভার পরিচয় সংক্ষেপে তুলে ধরো।
- ৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯
ক) বাংলা গদ্যের জনক হিসেবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।
খ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠীর পরিচয় দাও।

২য় একক

- ৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুইটি) : ১×২=২
ক) রবীন্দ্রনাথ কাকে ‘ভোরের পাখি’ হিসেবে উল্লেখ করেছিলেন?
খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় রচিত যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম লেখো।
গ) বাংলা সাহিত্যে কাকে ‘যুগসন্ধির কবি’ নামে অভিহিত করা হয়?
- ৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪
ক) কবিগান সম্পর্কে সংক্ষেপে লেখো।
খ) মহিলা কবি হিসেবে মানকুমারী বসুর কৃতিত্বের মূল্যায়ন করো।
গ) টীকা লেখো : রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় অথবা ঈশ্বরচন্দ্র গুপ্ত।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৯

ক) বাংলা কাব্য সাহিত্যের জগতে মধুসূদন দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো।

খ) ‘বিহারীলাল আধুনিক গীতিকাব্যের প্রথম সচেতন কবি’— এই মন্তব্যের আলোকে বিহারীলাল চক্রবর্তীর কাব্যপ্রতিভার মূল্যায়ন করো।

৩য় একক

৭। সংক্ষিপ্ত উত্তর দাও : (যে কোনো দুইটি) :

১×২=২

ক) মধুসূদন দত্ত রচিত যে কোনো একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

খ) ‘নীলদর্পণ’ নাটকটি কার লেখা ?

গ) গিরিশচন্দ্র ঘোষের একটি নাটকের নাম লেখো।

৮। যে কোনো একটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :

৪

ক) বাংলা নাট্যসাহিত্যে রামনারায়ণ তর্করত্নের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

খ) বাংলা রঙ্গমঞ্চে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা আলোচনা করো।

গ) গিরিশচন্দ্র ঘোষকে বাংলা নাটকের জনক বলার যুক্তি কতটুকু তা সংক্ষেপে আলোচনা কর।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৯

ক) বাংলা নাট্যজগতে মাইকেল মধুসূদন দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো।

খ) দীনবন্ধু মিত্রের নাট্যপ্রতিভার পরিচয় দাও।

৪র্থ একক

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুইটি) :

১×২=২

ক) কোন শতাব্দীতে বাংলা উপন্যাসের সূত্রপাত হয়েছিল?

খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাসটির নাম লেখো।

গ) ‘ঘরে বাইরে’ উপন্যাসটি কবে রচিত হয়েছিল?

১১। যে কোন একটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও।

৪

ক) বাংলা উপন্যাস জগতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান অতি সংক্ষেপে লেখো।

খ) টীকা লেখো — তারাকঙ্কর বন্দ্যোপাধ্যায় অথবা মানিক বন্দ্যোপাধ্যায়।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৯

ক) ঔপন্যাসিক হিসেবে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা কর।

খ) প্রথম বাংলা উপন্যাসের রচয়িতা কে? বাংলা উপন্যাস রচনায় তাঁর অবদানের পরিচয় দাও।

গ) রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসগুলির পরিচয় দাও।
